গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট-১ শাখা
www.mhapsd.gov.bd

স্মারক নং- ৪৪.০০.০০০০.০২৪.০০৬.০৮৭.২০২০-

তারিখঃ ১৮ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০২ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

## বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC)সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোস্তাফা কামাল উদ্দীন, সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ০২/০১/২০২২, সকাল ১২.০০ ঘটিকা। |
| স্থান | : | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (বাজেট) বাজেট ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম ও কার্যবিবরণীর বিষয়বস্তু সভাকে অবহিত করেন। অতঃপর সভাপতির নির্দেশনা মোতাবেক বাজেট-১ শাখার সিনিয়র সহকারী সচিব আলোচ্যসুচি অনুযায়ী সভার আলোচ্য বিষয়বস্তু সভায় উপস্থাপন করেন।

০২। আলোচনা-১ : **চলতি ২০২১- ২০২২ অর্থ বছরের জন্য প্রযোজ্য আর্থিক বিষয়ে সরকারের নির্দেশনা বাস্তবায়ন পর্যালোচনা ও অনুমোদন:** জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের প্রতিনিধির উপস্থিতিতে চলতি ২০২১- ২০২২ অর্থ বছরের জন্য প্রযোজ্য আর্থিক বিষয়ে সরকারের নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে অর্থ বিভাগ হতে জারীকৃত পরিপত্র, আদেশ/নিষেধ বিষয়ে বিস্তারিতভাবে উপস্থাপন করা হয় এবং এ বিষয়ে বিধি-নিষেধ প্রতি পালন করার বিষয়ে আলোচনা করা হয়।

০৩। আলোচনা-২ : **চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেট (পরিচালন ও উন্নয়ন) এন্ট্রির যৌক্তিকতা পর্যালোচনা ও অনুমোদন:** জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের অনুকূলে ২০২১-২০২২ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষমাত্রা, উন্নয়ন ও পরিচালন খাতে প্রস্তাবিত সংশোধিত বাজেট প্রণয়নে আইবাস সিস্টেমে যৌক্তিকভাবে এন্ট্রি করার বিষয়ে আলোচনা করা হয়।

০৪। আলোচনা-৩: **চলতি ২০২১-২০২২ অর্থ বছরের APA এর অর্ধবার্ষিক মূল্যায়ন পর্যালোচনা :** জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের গত ২০২১-২০২২ অর্থ বছরের APA কমিটির খসড়া মূল্যায়ন প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত প্রতিবেদন নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ও APA এর অর্ধবার্ষিকী মূল্যায়ন পর্যালোচনা করা হয় এবং তা নিয়মানুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার বিষয়ে সকলে একমত প্রকাশ করেন।

০৪। আলোচনা-০৪: জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের স্ব-স্ব দপ্তর/অধিদপ্তরের ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা পর্যালোচনার বিষয় বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থাপিত ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনার বিষয়ে কোন দপ্তর/অধিদপ্তর হতে প্রতিবেদন প্রেরণ করা হয় নাই। এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তাব/মতামত প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।

০৫। আলোচনা-৫: **বিবিধঃ** চলতি ২০২১-২০২২ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেট নিয়ে বিস্তারিত আলোচনা হয়। চলতি ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট এবং জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের বাজেট বাস্তবায়ন তথ্যাদি সভায় উপস্থাপন করা হয়। সভাপতি চলতি ২০২১-২০২২ অর্থ বছরের বাজেটে প্রতিটি কোয়ার্টার এর রাজস্ব প্রাপ্তি, উন্নয়ন ও অনুন্নয়ন বাজেট বাস্তবায়ন নির্দিষ্ট সময়সীমার মধ্যে সঠিকভাবে বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করেন।

০৬। আলোচনা-৬: চলতি ২০২১-২০২২ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের অতিরিক্ত বাজেট বরাদ্দ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ কোস্ট গার্ড এবং এনটিএমসির অতিরিক্ত বরাদ্দের বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করা হয়। সভাপতি চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটের অতিরিক্ত বরাদ্দের বিষয়টি আরোও যৌক্তিকভাবে এ বিভাগে প্রেরণের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

০৭। সভায় জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের প্রতিনিধিগণ পর্যায়ক্রমে নিম্নরুপভাবে সভাকে অবহিত করেন:

৭.১। সভায় বাংলাদেশ পুলিশ এর প্রতিনিধি ডিআইজি, জনাব মাহবুবুর রহমান ভূঁইয়া(বিপিএম বার) জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটে সরকারের সকল নির্দেশনা প্রতিপালন করে বাজেট এন্ট্রি সম্পন্ন করা হয়েছে। তবে চলতি অর্থ বছরের সংশোধিত বাজেটে বাংলাদেশ পুলিশের রেশন সামগ্রী, ভ্রমন ব্যয়, মোটরযান ক্রয়, জলযান ক্রয়, অস্ত্র ও গোলাবারুদ, পুলিশ হাসপাতালের ঔষধ, খাদ্য বাসস্থান, আসবাবপত্র, টেলিকমিউনিকেশন যন্ত্রপাতি, সিডিভ্যাট বাবদ চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটে ১৫৭৫,০০,০০,০০০/- (এক হাজার পাঁচশত পঁচাত্তর কোটি) টাকা অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হয়। তাছাড়া ভ্রমন ব্যয়,মোটরযান ক্রয়ের বরাদ্দকৃত অর্থের ১০০% ব্যয় করার অনুমোদনের জন্য অনুরোধ করা হয়।

চলমান পাতা-২

৭.২। সভায় বিজিবির প্রতিনিধি অতিরিক্ত মহাপরিচালক, বেনজীর আহমেদ জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটে সরকারের সকল নির্দেশনা প্রতিপালন করে বাজেট এন্ট্রি সম্পন্ন করা হয়েছে। তবে চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটে অতিরিক্ত বরাদ্দের চাহিদা নেই মর্মে জানান।

৭.৩। বাংলাদেশ কোস্ট গার্ড এর প্রতিনিধি কমান্ডার সাজিদ আতাউর রহমান উপপরিচালক (বাজেট) জানান যে, জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটে সরকারের সকল নির্দেশনা প্রতিপালন করে বাজেট এন্ট্রি সম্পন্ন করা হয়েছে। চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটে যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদি ক্রয় খাতে ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা অতিরিক্ত বরাদ্দের জন্য অনুরোধ করা হয়েছে।

৭.৪। বাংলাদেশ আনাসার ও ভিডিপি'র প্রতিনিধি জনাব মোহাম্মদ সিরাজুর রহমান ভূঞা পরিচালক(অর্থ),জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটের চাহিদা ও নির্দেশনার সমন্বয় করেই বাজেট এন্ট্রি করা হয়েছে। চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটে আনসার ও ভিডিপির কোন অতিরিক্ত চাহিদা নেই মর্মে জানান।

৭.৫। আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুন্যাল ও তদন্ত সংস্থার প্রতিনিধি জনাব মোঃ ওবায়েদউল্লাহ, উপ পরিচালক(প্রশাসন ও অর্থ) জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটের চাহিদা ও নির্দেশনার সমন্বয় করেই বাজেট এন্ট্রি করা হয়েছে। চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটে ৫৮,৪০,০০০/- (আটান্ন লক্ষ চল্লিশ হাজার) টাকা সমর্পণ করা হয়েছে মর্মে জানান।

৭.৬। এনটিএমসি'র প্রতিনিধি অতিরিক্ত পরিচালক(প্রশাসন), জনাব এ জে এম এরশাদ আহসান হাবিব জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটের চাহিদা ও নির্দেশনার সমন্বয় করেই বাজেট এন্ট্রি করা হয়েছে। চলতি ২০২১-২০২২ অর্থ বছরে অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জাম খাত হতে অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জাম মেরামত খাতে বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত ৬০,০০,০০,০০০/- (ষাট কোটি) টাকা বরাদ্দের জন্য অনুরোধ জানানো হয়।

০৮। সভাপতি সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। তবে কোভিড-১৯ এর পরিবর্তিত পরিস্থিতি, দেশের আইন-শৃংখলা সুচারুরূপে নিয়ন্ত্রন, জনগণের জানমালের নিরাপত্তা বিধান, সীমান্তে নিরাপত্তা ও চোরাচালান বন্ধ, নারী ও শিশু পাচার রোধ সংক্রান্ত প্রয়োজনীয় পরিকল্পনা ও বাস্তবায়ন যৌক্তিক সময়ের মধ্যেই শেষ করতে হবে। তাছাড়া অর্থ বিভাগ কর্তৃক চলতি ২০২১-২০২২ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন এবং স্ব-স্ব অধিক্ষেত্রের রাজস্ব আয় বৃদ্ধির ক্ষেত্র চিহ্নিত করে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা পূরণে অগ্রিম পরিকল্পনা গ্রহন করার জন্য অনুরোধ জানান। তাছাড়া, সরকার ঘোষিত নির্বাচনী ইশতেহার, ভিশন-২০৪১, প্রেক্ষিত পরিকল্পনা এবং APA, MBF প্রভৃতি বিষয় সামগ্রিক বিবেচনায় নিয়ে সরকার ঘোষিত সেবা জনগণের কাছে পৌঁছানো নিশ্চিত করতে হবে; যাতে জননিরাপত্তা বিভাগের ভাবমূর্তি আরও উজ্জল হয়।

০৯। সভাপতি রাজস্ব ও উন্নয়ন বরাদ্দের আওতায় প্রকল্প বাস্তবায়নে চলমান কোভিড-১৯ এর পরিবর্তিত পরিস্থিতি ও সরকারের সর্বশেষ নির্দেশনা ও গুরুত্বপূর্ণ বিষয়সমূহকে প্রাধান্য দিতে এবং পাশাপাশি দপ্তর/অধিদপ্তর সমুহকে সম্পদ ব্যবহারের ক্ষেত্রে রাষ্ট্রীয় সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। আর্থসামাজিক সার্বিক বিষয় বিবেচনায় রেখে মিতব্যয়িতার সাথে দক্ষতা ও ফলপ্রসু কর্মপদ্ধতি অনুসরণ করে দায়িত্ব পালনের জন্য সকলের প্রতি আহবান জানান।

১০। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

১০.১ চলতি ২০২১- ২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটে রাজস্ব প্রাপ্তির লক্ষমাত্রা, উন্নয়ন ও পরিচালন খাতের বাজেট প্রণয়নে অর্থ বিভাগের পরিপত্র ও নির্দেশনসমুহ প্রতিপালন করতে হবে;

১০.২ সকল দপ্তর/অধিদপ্তর দ্রুত সময়ের মধ্যে তাদের স্ব-স্ব পরিকল্পনা প্রস্তাব এ বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়;

১০.৩ চলতি ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটে পরিচালন খাতে বাংলাদেশ পুলিশ এর ৬৬৬,০৭,৩২,০০০/- (ছয়শত ছিষট্টি কোটি সাত লক্ষ বত্রিশ হাজার) টাকা, বাংলাদেশ কোস্ট গার্ড এর ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা এবং এনটিএমসির ৬০,০০,০০,০০০/- (ষাট কোটি) টাকাসহ মোট= ৭৩৬,০৭,৩২,০০০/-( সাতশত ছত্রিশ কোটি সাত লক্ষ বত্রিশ হাজার) টাকা এবং উন্নয়ন খাতে ১৯০০,০০,০০,০০০/- (এক হাজার নয়শত কোটি) টাকাসহ সর্বমোট (১৯০০,০০,০০,০০০/- + ৭৩৬,০৭,৩২,০০০/-)=২৬৩৬,০৭,৩২,০০০/- (দুই হাজার ছয়শত ছত্রিশ কোটি সাত লক্ষ বত্রিশ হাজার) টাকা অতিরিক্ত বরাদ্দের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয় ;

১০.৪ তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল হতে ৫৮,৪০,০০০/- (আটান্ন লক্ষ চল্লিশ হাজার) টাকা সমর্পণ এর প্রস্তাব গৃহিত হয়; এবং

১০.৬ চলতি ২০২১-২০২২ অর্থ বছরের APA কমিটির অর্ধবার্ষিক খসড়া মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

চলমান পাতা- ৩

১১। সভার আলোচ্যসূচিতে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোস্তাফা কামাল উদ্দীন)
সিনিয়র সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি, জননিরাপত্তা বিভাগ।

১। ---------------------------------------------------------------------------------------------দপ্তর/অধিদপ্তর প্রধান সকল।
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ/ আসী/পুলিশ ও এনটিএমসি/ রাজনৈতিক ও আইসিটি/ আইন ও শৃংখলা/উন্নয়ন জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা(অনুবিভাগের উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব(বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৬। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা,ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(বিকাশ বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬১৭৬

স্মারক নং- ৪৪.০০.০০০০.০২৪.০০৬.০৮৭.২০২০- ২৬৯/৮(৪)

তারিখঃ ১৮ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০২ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ-সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

০২/০১/২০২২
(বিকাশ বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব